গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা -১০০০।
www.cga.gov.bd

নম্বর- ০৭.০৩.০০০০.০০৩.০৪.৪৪৩(খন্ড-১).১৯- তারিখ: /১১/২০২০ খ্রি.

প্রাপক: জাতীয় প্রকল্প পরিচালক
স্ট্রেংদেনিং পিএফএম টু এনাবল সার্ভিস ডেলিভারী প্রোগ্রাম
ইউসেপ চেইনী টাওয়ার, ২৫, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণ: কো-অর্ডিনেটর (iBAS++ ও একাউন্টস)]

**বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের উন্নীত বেতন স্কেলে বেতন নির্ধারণ প্রসঙ্গে।**

সূত্র: ১। সিএএফও, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর স্মারক নম্বর- সিএও/প্রাগম/প্রশা/বেতন পুনঃ নির্ধারণ/৫৩/৩৪২, তারিখ: ২৮/০৯/২০২০ খ্রি.।
২। প্রশাসন-১ অধিশাখা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর স্মারক নম্বর- ৩৮.০০.০০০০.০০১.৩৪.০৯১.১৯-৯৫, তারিখ: ০৯/০২/২০২০ খ্রি.।
৩। বাস্তবায়ন-১ অধিশাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর স্মারক এর পৃষ্ঠাংকন এর স্মারক নম্বর- ০৭.০০.০০০০.১৬১.৪৪.০০২.১৮-৪৭, তারিখ: ২০/০২/২০২০ খ্রি.।
৪। বাস্তবায়ন-১ অধিশাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর স্মারক নম্বর- ০৭.০০.০০০০.১৬১.৩৮.০০৭.১৩-৯১, তারিখ: ১২/০৮/২০২০ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রসমূহের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সূত্রস্থ ২ নং পত্র মোতাবেক, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের বেতন অর্থ বিভাগের সম্মতিক্রমে উন্নীত স্কেলে (স্মারকে উল্লিখিত ছকের ৩ নম্বর কলাম হতে ৪ নম্বর কলামে) নির্ধারণ করা হয়েছে। সে অনুযায়ী সূত্রস্থ ৩ নম্বর স্মারকে বাস্তবায়ন-১ অধিশাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর পৃষ্ঠাংকন পাওয়া গিয়েছে।

৩। প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের 'সমপদে উচ্চতর গ্রেড প্রাপ্তি' বিষয়ক অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত সূত্রস্থ ৪ নং পত্র মোতাবেক নিম্নোক্তভাবে বেতন নির্ধারণ করতে হবেঃ

ক) বেতনস্কেল উন্নীত হওয়ার পূর্বে সহকারী শিক্ষক পদধারীদের যিনি যে সংখ্যক টাইমস্কেল পেয়েছেন/প্রাপ্য হয়েছেন, উন্নীত বেতন স্কেলের উপরে সেই সংখ্যক টাইমস্কেল গণনা করে বেতনস্কেল উন্নীত করার অব্যবহিত পূর্বে তার সর্বশেষ আহরিত/প্রাপ্য মূল বেতনের ভিত্তিতে বেতন নির্ধারণ হবে;

খ) বেতন স্কেল উন্নীতকরণের তারিখে টাইমস্কেলসহ নিরূপণকৃত স্কেলে কোন কর্মচারীর বর্তমান মূলবেতন উক্ত স্কেলের সর্বনিম্ন ধাপের কম হলে সর্বনিম্ন ধাপে বেতন নির্ধারণ করতে হবে;

গ) বর্তমান মূলবেতন নিরূপণকৃত স্কেলের সর্বনিম্ন ধাপের চেয়ে বেশি হলে এবং উক্ত স্কেলের কোন ধাপের সমান হলে সেই ধাপে বেতন নির্ধারণ করতে হবে;

ঘ) বর্তমান মূলবেতন নিরূপণকৃত স্কেলের সর্বনিম্ন ধাপের চেয়ে বেশি হলে এবং উক্ত স্কেলের কোন ধাপের সমান না হলে সে ক্ষেত্রে অব্যবহিত উচ্চতর ধাপে বেতন নির্ধারণ করতে হবে; এবং

ঙ) স্কেল উন্নীতকরণের আদেশ জারীর পূর্বের কোন বকেয়া প্রাপ্য হবেন না। [এসংক্রান্ত একটি খসড়া ছক সংযুক্ত করা হল]

৪। এমতাবস্থায়, নতুন বেতন স্কেল ও বিধি-বিধান অনুসরণ পূর্বক- iBAS++ সিস্টেমে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকগণের প্রাপ্য বেতন নির্ধারণের প্রয়োজনীয় অপশন সংযোজনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। [উল্লেখ্যঃ প্রয়োজনীয় বেতন নির্ধারণের অপশন সৃজনপূর্বক সিএএফও/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি), সিজিএ কার্যালয় এর নিকট Demo Presentation দেয়ার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো]

সংযুক্তি: বর্ণনামতে।

(মোঃ মামুন-উল-মান্নান)
অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি)
ফোন: ৪৮৩১৬০৮৯
Email: addlcgaacc@cga.gov.bd
তারিখ: ২৫/১১/২০২০ খ্রি.

নম্বর- ০৭.০৩.০০০০.০০৩.০৪.৪৪৩(খন্ড-১).১৯- ৯৪১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:
০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর- ঢাকা।
০৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা-১০০০।
০৪। ডিসিজিএ, পদ্ধতি শাখা, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা-১০০০।
০৫। অফিস কপি/ গার্ড ফাইল।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মহাপরিচালকের দপ্তর
□ পেশ করুন
□ জরুরী/অতি জরুরী/আজই
□ অতিরিক্ত মহাপরিচালক
□ অতিরিক্ত মহাপরিচালক (PEDP4)
□ পরিচালক (প্রশাসন)
□ পরিচালক (অর্থ)
□ পরিচালক (পলিসি ও অপারেশন)
□ পরিচালক (প্রশিক্ষণ)
□ পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
□ পরিচালক (পরিবীক্ষণ ও মূল্যায়ন)
□ পরিচালক (আইএমডি)
□ পরিচালক (প্রকিউরমেন্ট)
□ প্রকল্প পরিচালক.....
□ সি.সিস্টেম এনালিস্ট
□ উপপরিচালক
□ সহকারী পরিচালক
মহাপরিচালক

(মোঃ মনজুর আলম)
নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা
হিসাব ও সিডিপিইউ শাখা
Email: aaocdpu@cga.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
হিসাব ভবন, ৫ম তলা
সেগুনবাগিচা, ঢাকা-১০০০

স্মারক নং-সিএও/প্রাগম/প্রশা/বেতন পুনঃ নির্ধারণ/৫৩/৩৪২ তারিখ ঃ২৮/০৯/২০২০ খ্রিঃ

বরাবর
হিসাব মহানিয়ন্ত্রক, বাংলাদেশ
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

[দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব)]

**বিষয় ঃ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের উন্নীত বেতন স্কেলে বেতন নির্ধারণ প্রসঙ্গে।**

সূত্র ঃ (১) অর্থ মন্ত্রণালয়, বাস্তবায়ন শাখা স্মারক নং-০৭.০০.০০০০.১৬১.৪৪.০০২.১৮-৪৭ তারিখ ঃ ২০/০২/২০২০ খ্রিঃ
(২) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১৬১.৩৮.০০৭.১৩-৯১ তারিখ ঃ ১২/০৮/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে স্মারকে বর্ণিত পত্রদ্বয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

সূত্রোস্থ ১নং পত্রের মাধ্যমে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের বেতন স্কেল উন্নীত করা হয়। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১৬১.৩৮.০০৭.১৩-৯১ তারিখ ১২/০৮/২০২০ এর মাধ্যমে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের উন্নীত স্কেলে বেতন নির্ধারণের ক্ষেত্রে কতিপয় সিদ্ধান্ত প্রদান করা হয়। সেই মোতাবেক উল্লিখিত উন্নীত বেতন স্কেল অনুযায়ী বেতন নির্ধারণের লক্ষ্যে iBAS++ সফটওয়ারে প্রয়োজনীয় অপশন সংযোজন করা প্রয়োজন।

এমতাবস্থায়, iBAS++ এ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকগণের প্রাপ্য নতুন বেতন স্কেল অনুযায়ী ও বিধি-বিধানের আলোকে বেতন নির্ধারণের লক্ষ্যে প্রয়োজনীয় অপশন সংযোজন করার নিমিত্তে ব্যবস্থা গ্রহণ করার জন্য বিনীত অনুরোধ করছি। উল্লেখ্য, iBAS++ এ নতুন স্কেলে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকগণের অপশন সংযোজনের নিমিত্তে বেতন নির্ধারণীর সম্ভাব্য ছক এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হল।

২৮/৯/২০২০
(নাশিদ নওয়াজেশ)
সিএএফও
ফোনঃ ৪৮৩১৯৭১২

সংলগ্নী : ০৪ পাতা।

উপ-হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব)

(৫)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন-১ অধিশাখা।

নং- ০৭.০০.০০০০.১৬১.৩৮.০০৭.১৩-৯১

তারিখ: ২৮ শ্রাবণ, ১৪২৭ ব ' ক / ১২ আগস্ট, ২০২ ।

বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের উন্নীত বেতন স্কেলে বেতন নির্ধারণ প্রসঙ্গে।

সূত্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৮.০০.০০০০.০০৮.১২.০০১.১৭-২৫৪, তারিখ-২৮/০৭/২ ' খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকারি প্রাথমিক ' ধ্যাক ়র সহকারী শিক্ষকদের উন্নীত স্কেলে বেতন নির্ধারণের ক্ষেত্রে অর্থ বিভাগ কর্তৃক নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করা ' লা:

ক) বেতনস্কেল উন্নীত হওয়ার পূর্বে সহকারী শিক্ষক পদধারীদের যিনি যে সংখ্যক টাইমস্কেল পেয়ে ছেন/প্রাপ্য হয়েছেন, উন্নীত বেতন স্কেলের উপরে সেই সংখ্যক টাইমস্কেল গণনা করে বেতন স্কেল উ ' ত করার অব্যবহিত পূর্বে তার সর্বশেষ আহরিত/প্রাপ্ত মূল বেতনের ভিত্তিতে বেতন নির্ধারণ হবে;

খ) বেতন স্কেল উন্নীতকরণের তারিখে টাইমস্কেলসহ নিরূপণকৃত স্কেলে কোন কর্মচারীর বর্তমা ' মূলবেতন উক্ত স্কেলের সর্বনিম্ন ধাপের কম হলে সর্বনিম্ন ধাপে বেতন নির্ধারণ করতে হবে;

গ) বর্তমান মূলবেতন নিরূপণকৃত স্কেলের সর্বনিম্ন ধাপের চেয়ে বেশী হলে এবং উক্ত স্কেলের ে ' ন ধাপের সমান হলে সেই ধাপে বেতন নির্ধারণ করতে হবে;

ঘ) বর্তমান মূলবেতন নিরূপণকৃত স্কেলের সর্বনিম্ন ধাপের বেশী হলে এবং উক্ত স্কেলের কোন ধা ' র সমান না হলে সে ক্ষেত্রে অব্যবহিত উচ্চতর ধাপে বেতন নির্ধারণ করতে হবে; এবং

ঙ) স্কেল উন্নীতকরণের আদেশ জারীর পূর্বের কোন বকেয়া প্রাপ্য হবেন না।

(স্বাক্ষরিত)
১২/৮/২০
(হোয়াত মোঃ ' রাত)
উপসচি '
ফোন: ৯৫৫ ' ৮১

সিনিয়র সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সি/৪৭(ক)

৪(ক)/৪৭(খ)

নং ৩৮.০০.০০০০.০০১.৩৪.০৯১.১৯-৯৫

তারিখঃ ২৬ মাঘ ১৪২৬ / ০৯ ফেব্রুয়ারি ২০২০

অর্থ বিভাগের বাস্তবায়ন অধিশাখা-১ এর ০৭ নভেম্বর ২০১৯ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৩৮.০০.০০১.১৯-১০৭ সংখ্যক সংখ্যক পত্রের মাধ্যমে অবগতি ও প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সচিবালয় ভবন, (৩য় ফেজ) ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা এর কার্যালয়ে পৃষ্ঠাংকন করে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অতিরিক্ত কপিসহ উপসচিব (বাস্তবায়ন অধিশাখা-১), অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের নিকট প্রেরণ করা হলো।

০৯/০২/২০২০

(মনোয়ারা ইশরাত)
উপসচিব
ফোনঃ ৯৫৭১৮০১

নং ০৭.০০.০০০০.১৬১.৪৪.০০২.১৮- ৫১

তারিখঃ ৭ ফাল্গুন ১৪২৬ / ২০ ফেব্রুয়ারি ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সচিবালয় ভবন, (৩য় ফেজ) ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট প্রেরণ করা হলো।

উপসচিব ২০/০২/২০২০
বাস্তবায়ন অধিশাখা-১
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নং ৩৮.০০.০০০০.০০১.৩৪.০৯১.১৯-৯৫

তারিখঃ ২৬ মাঘ ১৪২৬ / ০৯ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-ঢাকা।
৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (প্রশাসন/বিদ্যালয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ----------------------------------জেলা।
৮. অফিস কপি।

০৯/০২/২০২০

(মনোয়ারা ইশরাত)
উপসচিব

নং-সিএও/প্রাগম/নি-১/অবগতি/পৃষ্ঠাংকন/ ৩৬৬ তারিখ: 02.07.2020 খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)।
০২। জেলা হিসাবরক্ষণ অফিস (সকল)।
০৩। উপজেলা হিসাবরক্ষণ অফিস (সকল)।
০৪। অফিস কপি।

02.07.2020

02.07.2020
মোহাম্মদ আলাল উদ্দিন
এস এ এস সুপার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা-১০০০

02/07/20
মোঃ আব্দুল মমিন শেখ
নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা
সিএও/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা-১০০০

D:\dpe\015\04312014.docx

(৪)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
www.mopme.gov.bd

নং ৩৮.০০.০০০০.০০১.৩৪.০৯১.১৯-৯৫

তারিখঃ ২৬ মাঘ ১৪২৬
০৯ ফেব্রুয়ারি ২০২০

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
সিজিএ ভবন, (৩য় কেইজ), ৫ম তলা
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের বিরাজমান বেতন বৈষম্য দূরীকরণের লক্ষ্যে বেতন স্কেল (গ্রেড) উন্নীতকরণ।

নির্দেশিত হয়ে অর্থ বিভাগের ০৭ নভেম্বর ২০১৯ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৩৮.০০.০০১.১৭-৩০৮ সংখ্যক পত্রের সম্মতিক্রমে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মাঠ পর্যায়ে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেতন বৈষম্য দূরীকরণের লক্ষ্যে সহকারী শিক্ষক পদের বেতনস্কেল নিম্নোক্তভাবে শর্তসাপেক্ষে উন্নীতকরণ করা হলোঃ

| ক্রঃনং | পদের নাম | বিদ্যমান বেতনগ্রেড (জাঃবেঃস্কেঃ ২০১৫) | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতন স্কেল ২০১৫ (জাঃবেঃস্কেঃ ২০১৫) | নিয়োগের শর্ত/ভিত্তি |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | সহকারী শিক্ষক | টাঃ ১০২০০-২৪৬৮০ (গ্রেড-১৪) (প্রশিক্ষণ প্রাপ্ত) | টাঃ ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩) | সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা ২০১৯ এর তফসিল {বিধি ২(গ)} অনুযায়ী পদ পূরণযোগ্য |
| | | টাঃ ৯৭০০-২৩৪৯০ (গ্রেড-১৫) (প্রশিক্ষণ বিহীন) | | |

শর্তাবলীঃ

(ক) উপরের ছকের ৪নং কলামে নির্ধারণকৃত বেতনগ্রেড ৫ নং কলামে প্রদর্শিত যোগ্যতা/অভিজ্ঞতা অনুযায়ী কার্যকর হবে;
(খ) এ বিষয়ে বিদ্যমান সকল বিধি-বিধান ও আনুষ্ঠানিকতা যথাযথভাবে অনুসরণ করতে হবে।
(গ) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং জারির তারিখ হতে এ আদেশ কার্যকর হবে।

০২। এতদসংক্রান্ত ব্যয় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের "১২৪০২০৯-৩১১১২০১- বেতন ভাতাদি" খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে।

০৯/০২/২০২০
(মনোয়ারা ইশরাত)
উপসচিব
ফোনঃ ৯৫৭১৮০১

D:\dpe\015\043\2014.docx

# “প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের সমপদে উচ্চতর গ্রেড”

মিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর স্মারক নং ৩৮.০০.০০০০.০০১.৩৪.০৯১.১৯-৯৫, তারিখঃ ০৯/০২/২০২০খ্রি. এর নির্দেশনা মোতাবেক কারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের বেতন স্কেল/গ্রেড উন্নীতকরণের বিস্তারিত বিবরণীঃ

ট্যাকিং নম্বরঃ

| | | | |
|---|---|---|---|
| ০১ | জাতীয় পরিচয়পত্র (এনআইডি নম্বর) | : | স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শিত হবে। |
| ০২ | কর্মচারীর নাম | : | স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শিত হবে। |
| ০৩ | ভেরিফিকেশন নম্বর | : | স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শিত হবে। |
| ০৪ | মোবাইল ফোন নম্বর | : | স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শিত হবে। |
| ০৫ | জন্ম তারিখ | : | স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শিত হবে। |
| ০৬ | মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/পরিদপ্তর,<br>অপারেশনাল গ্রুপ/ মাঠ পর্যায়ের অফিস | : | স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শিত হবে। |
| ০৭ | উন্নীত স্কেল/গ্রেড প্রাপ্তির পূর্বের স্কেল/গ্রেড | : | স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শিত হবে। |
| ০৮ | উন্নীত স্কেল/গ্রেড প্রাপ্তির পূর্বের বেতন | : | স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শিত হবে। |
| ০৯ | ১৫-১২-২০১৫ তারিখের পূর্বে প্রাপ্ত টাইমস্কেলের সংখ্যা | : | স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শিত হবে। |
| ১০ | উন্নীত স্কেল/গ্রেডের আদেশ নং | : | আদেশের কপি আপলোড করার ব্যবস্থা থাকতে হবে। |
| ১১ | শিক্ষাগত যোগ্যতার ক্যাটাগরিঃ<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী আছে কি-না?<br>(খ) 'হ্যা' হলে সিস্টেমে সনদ আপলোড করার ব্যবস্থা থাকতে হবে।***<br>(গ) 'না' হলে তিনি সুবিধা প্রাপ্য হবেন না। | : | ☐হ্যা ☐না |
| ১২ | উন্নীত স্কেল/গ্রেড প্রাপ্যতার তারিখ<br>☐উন্নীত স্কেলে বেতন নির্ধারণ সংক্রান্ত আদেশ জারীর তারিখ হতে অথবা সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা ২০১৯ এর তফসিল {বিধি ২(গ)} অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা অর্জনের তারিখ হতে প্রাপ্য।** | : | উল্লেখ করতে হবে। |
| ১৩ | উন্নীত গ্রেড/স্কেল | : | স্কেল/গ্রেড-১৩: ১১০০০-২৬৫৯০/- |
| ১৪ | নির্ধারিত গ্রেড/স্কেল{(উন্নীত গ্রেড অর্থাৎ ১৩ তম গ্রেড + টাইমস্কেল সংখ্যা (ক্রমিক নং ০৯ এ উল্লিখিত) যোগ করে নির্ধারিত গ্রেড)} | : | ক্রমিক নং ০৭ এর পরবর্তী গ্রেড (সর্বনিম্ন ১৩ তম গ্রেড/সর্বোচ্চ ১০ তম গ্রেড) |
| ১৫ | নির্ধারিত বেতন | : | নির্ধারিত গ্রেডের সমধাপ/উচ্চতর ধাপ |

হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়

স্মারক নং.............                                                                                    তারিখঃ

জনাব/বেগম.......................সহকারী শিক্ষককদের বেতন নির্ধারণীটি পরীক্ষা করা হলো। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন-১, অধিশাখা এর স্মারক নং ০৭.০০.০০০০.১৬১.৩৮.০০৭.১৩-৯১, তারিখ: ১২-০৮-২০২০ খ্রি. এর নির্দেশনা মোতাবেক জাতীয় বেতন স্কেল/গ্রেড- ক্রমিক নং ১৪ অনুযায়ী এবং ০৯-০২-২০২০ খ্রি. তারিখে মূল বেতন ক্রমিক নং ১৫ মোতাবেক (স্বয়ংক্রিয়ভাবে) টাকায় নির্ধারণ করা হলো। পরবর্তী বেতন বৃদ্ধির তারিখ ০১-০৭-২০২০ খ্রি.।

অডিটর
(নামের সিলসহ)

সুপার

সহঃ হিসাব মহানিয়ন্ত্রক/নিরীক্ষা ও হিসাবরক্ষণ অফিসার
(নামের সিলসহ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.১৫২.০২০.৭৩.২০১৭- ৭৮-৮ (৫৮৭)

তারিখঃ ০৪ পৌষ ১৪২৭
১৮ জানুয়ারী ২০২১

**অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।**

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ [দৃ: আ: সহকারী সচিব (বাজেট ও অডিট)]।
২। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, .............................. বিভাগ, ................................।
৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), ............................................... জেলা।
৪। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল), ................................... উপজেলা/থানা, .............................. জেলা।
৫। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। সংরক্ষণ নথি।

১৭/১/২০২১
(মোঃ জোবায়েদুর রহমান)
পরিচালক (অর্থ)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

D:\document\bangla_letter.docx